ফাতওয়া নাম্বার: ৫৩৮ প্রকাশকালঃ২৯-০২-২০২৫ ইং

# ফরযের তৃতীয় রাকাতে সূরা মিলানোর বিধান

**প্রশ্ন:**

চার রাকাত বিশিষ্ট ফরয নামাযের তৃতীয় কিংবা চতুর্থ রাকাতে কেউ ভুলে সূরা ফাতিহার পর অন্য সূরা মেলানোর জন্য বিসমিল্লাহ পড়ে ফেলল, এতে কি তার উপর সাহু সিজদা ওয়াজিব হবে?

-তাওহিদ শেখ

**উত্তর:**

بسم الله الرحمن الرحيم

الحمد لله، والصلاة والسلام على رسول الله، أما بعد!

চার রাকাত বিশিষ্ট ফরয নামাযের তৃতীয় ও চতুর্থ রাকাতে শুধু সূরা ফাতেহা পড়া সুন্নত। সূরা মিলানো অনুত্তম ও সুন্নতের খেলাফ হলেও কেউ ভুলে মিলিয়ে ফেললে সাহু সিজদা ওয়াজিব হয় না। তাই ভুলে সূরা মিলানোর জন্য বিসমিল্লাহ পড়লেও সাহু সিজদা দিতে হবে না। সালাত হয়ে যাবে। -সহীহ বুখারী: ১/১৫৫ হাদীস: ৭৭৬; সহীহ মুসলিম: ১/৩৩৩, ৩৩৪ হাদীস: ৪৫১, ৪৫২; মুয়াত্তা মালেক: ১/৭৯ (দারু ইহয়ায়িত তুরাস); যাদুল মাআদ: ১/২৩৯ (আর-রিসালাহ); আল-ইনসাফ: ২/১৩১ (দারু ইহয়ায়িত তুরাস); আল-বাহরুর রায়েক: ১/৩৪৫ (দারুল কিতাবিল ইসলামী); রদ্দুল মুহতার: ১/৪৫৮- ৪৫৯ (দারুল ফিকর); ইলাউস সুনান: ২/৯১৪ (দারুল ফিকর)

**فقط، والله تعالى أعلم بالصواب**

**আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি (উফিয়া আনহু)**

১৩-০৮-১৪৪৬ হি.

১৩-০২-২০২৫ ঈ.